

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
রমনা, ঢাকা
www.publiclibrary.gov.bd

স্মারক: ৪৩.২৬.০০০০.০০১.২৩.৮৩৬.২২-৯৭০

তারিখ: ২৫.০৭.২০২৩ খ্রিস্টাব্দ

১৫ আগস্ট 'জাতীয় শোক দিবস ২০২৩' উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা

'জাতীয় শোক দিবস ২০২৩' উপলক্ষে গণগ্রন্থাগার অধিদপ্তরের অধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারসমূহে নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) রচনা প্রতিযোগিতাঃ

| ক্রমিক | গ্রুপ | শ্রেণি | রচনা প্রতিযোগিতার বিষয় | শব্দসীমা | রচনা জমা দেয়ার শেষ তারিখ |
|--------|-------|-------------------------------|--|----------|---------------------------|
| ১ | ক | পঞ্চম-অষ্টম | আমাদের জাতির পিতা | ১০০০ | ১৪/০৮/২০২৩ খ্রি. |
| ২ | খ | নবম-দ্বাদশ | স্বাধীনতার স্বপতি বঙ্গবন্ধু | ১২০০ | |
| ৩ | গ | স্নাতক/স্নাতকোত্তর/সর্বসাধারণ | বঙ্গবন্ধুর সংগ্রামী জীবনে বেগম ফজিলাতুন নেছা মুজিবের অবদান | ১৫০০ | |

খ) চিত্রাংকন প্রতিযোগিতাঃ

| ক্রমিক | গ্রুপ | শ্রেণি | চিত্রাংকন প্রতিযোগিতার বিষয় | তারিখ ও সময় |
|--------|-------|--------------------|------------------------------|-------------------------------------|
| ১ | ক | অনূর্ধ্ব ৭ বছর | উন্মুক্ত | ১৫/০৮/২০২২ খ্রি. সকাল ১১.০০ টায় |
| ২ | খ | ৮-১২ বছর | শিশুদের সঙ্গে বঙ্গবন্ধু | |
| ৩ | গ | বিশেষ (প্রতিবন্ধী) | উন্মুক্ত | |

রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য:

ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীদের স্বহস্তে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১২ তলা, আইইবি ভবন, রমনা, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেবলমাত্র দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-জামালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে।

চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য:

ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগিতা আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ সকাল ১১:০০ টায় হোটেল ইন্টারকন্টিনেন্টালের বলরুম, রমনায় অনুষ্ঠিত হবে। অন্যান্য জেলার প্রতিযোগিতা উক্ত তারিখে সুবিধাজনক সময়ে স্ব স্ব গ্রন্থাগারে অনুষ্ঠিত হবে। অংশগ্রহণকারীদের আর্ট পেপার ব্যতীত অন্যান্য অংকন সরঞ্জাম সাথে আনতে হবে। চিত্রাংকনে জলরঙ ব্যবহার করা যাবে না।

শর্তাবলি :

১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে।
২. রচনা ও চিত্রাংকনে অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, স্টুডেন্ট আইডি কার্ড (অন্যান্য প্রতিযোগীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি) এর পাশাপাশি চিত্রাংকনের ক্ষেত্রে জন্মসনদ এবং সচল মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৩. চিত্রাংকন প্রতিযোগিতার প্রতিযোগীদের আগামী ১৪/৮/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিজ নিজ বিভাগ/জেলা/উপজেলা সরকারি গণগ্রন্থাগারে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে এবং ঢাকা জেলার ক্ষেত্রে সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, আইইবি ভবন, রমনা, ঢাকায় সরাসরি ও www.publiclibrary.gov.bd পোর্টালের মাধ্যমে অনলাইনে রেজিস্ট্রেশন করা যাবে।
৪. বিস্তারিত তথ্যের জন্য জনাব মোঃ শহীদুল আলম, সহকারী পরিচালক (মোবাইল নম্বর ০১৯১১৩৯৯৩৬৩), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকার সাথে যোগাযোগ করা যাবে।

স.এম.
২৫/০৭/২০২৩
(মোছা: মরিয়ম বেগম)
পরিচালক (প্রশাসন ও হিসাব)
গণগ্রন্থাগার অধিদপ্তর